



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

ই-মেইল : bbacollege@gmail.com

www.bbagic.edu.bd

তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণীর ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং : -১৬(৬৯৩) জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৪-২০২৫/৫৯৪২ তারিখ: ১৮/১০/২০২৬ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণীর ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণীর অনলাইন প্রাথমিক আবেদন ২৭ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে ১৯ নভেম্বর ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট <http://app11.nu.edu.bd/>-এ প্রবেশ করে প্রাথমিক আবেদন সংগ্রহ করতে হবে। আবেদন ফরম দাখিলের সময় প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন দাখিলের পর কলেজের ওয়েবসাইট <http://bbagic.eshiksabd.com/> হতে প্রাথমিক আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত) “নগদ Bill Pay”, “বিকাশ Education Fee” বা “উপায় Education Fee” এর মাধ্যমে পরিশোধের অনুমোদন নিতে হবে। অনুমোদন গ্রহণের পর আগামী ২২/১১/২০২৬ তারিখ রবিবার বিকাল ০৪:০০ টার মধ্যে প্রাথমিক আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ বিষয় ও তারিখ

ক্রমিক	বিবরণ	ওয়েবসাইট/ স্থান	তারিখ
১.	প্রাথমিক আবেদন ফরম পূরণ	http://app11.nu.edu.bd/	২৭/১০/২০২৬ হতে ১৯/১১/২০২৬ পর্যন্ত
২.	আবেদন ফি পরিশোধের অনুমোদন	http://bbagic.eshiksabd.com/	২৯/১০/২০২৬ হতে ২২/১১/২০২৬ তারিখ
৩.	প্রাথমিক আবেদন ফি জমাদান	Bkash, Nagad অথবা Upay App-এর মাধ্যমে	রবিবার বিকাল ০৪:০০ টা পর্যন্ত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত প্রক্রিয়া:-

- ধাপ ১: <http://app11.nu.edu.bd/> ওয়েবসাইটে প্রবেশ করে Apply Now (Masters Preli.)-এ ক্লিক করতে হবে।
 ধাপ ২: Application Form এর চাহিত সকল তথ্য, ছবি (সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়) ও মোবাইল নম্বর সঠিকভাবে দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।
 ধাপ ৩: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করে ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণের পর আবেদন ফি পরিশোধের অনুমোদন গ্রহণ সংক্রান্ত প্রক্রিয়া:-

- ধাপ ১ : <http://bbagic.eshiksabd.com/> ওয়েবসাইটে User Name: bbagicstudent Password: bbagicstudent দিয়ে লগইন করতে হবে।
 ধাপ ২ : Apply for Application Form-এ সিলেক্ট করতে হবে।
 ধাপ ৩ : Select Application Group হতে Admission Preliminary to Masters নির্বাচন করতে হবে।
 ধাপ ৪ : NU Application ID-এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন-এর ০৭ সংখ্যার Application ID লিখতে হবে।
 ধাপ ৫ : Student Name-এ ইংরেজিতে SSC-এর সনদ অনুসারে শিক্ষার্থীর নাম সঠিকভাবে লিখতে হবে।
 ধাপ ৬ : Mobile Number-এ শিক্ষার্থীর/ অভিভাবকের মোবাইল নম্বর সঠিকভাবে লিখতে হবে।
 ধাপ ৭ : সঠিকভাবে তথ্য সরবরাহের পর Submit এ ক্লিক করতে হবে।

প্রাথমিক আবেদন ফি জমাদান প্রক্রিয়া:

- ধাপ ১: Bkash, Nagad অথবা Upay App-এ Login করতে হবে।
 ধাপ ২: নগদ এর ক্ষেত্রে Bill Pay, বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।
 ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College সিলেক্ট করতে হবে।
 ধাপ ৪: NU Application ID-এ (প্রাথমিক আবেদন-এর ০৭ সংখ্যার Application ID লিখতে হবে।
 ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।
 ভর্তি ফি পরিশোধ সংক্রান্ত প্রয়োজনে ০২২২৪৪২৩৩৪৯ নম্বরে (অফিস চলাকালীন সময়ে) যোগাযোগ করার জন্য বলা হলো।

বিশেষ দৃষ্টব্য :

- ১) শিক্ষার্থীর আবেদন ফরম-এর Application ID এবং নাম সঠিকভাবে যাচাই করে ফি পরিশোধ করতে হবে এ সংক্রান্ত কোনো ভুলের (ভুল Application ID-এ টাকা জমা) সকল দায়ভার শিক্ষার্থীকে বহন করতে হবে।
 ২) আবেদন ফি পরিশোধ ব্যতীত প্রাথমিক আবেদন নিশ্চয়ন (Confirm) হবে না।
 ৩) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাকৃত টাকার রশিদ সংরক্ষণ করতে হবে।
 ৪) প্রাথমিক আবেদনের যাবতীয় প্রক্রিয়া অনলাইনে সম্পাদিত হওয়ায় কোন শিক্ষার্থীকে এ সংক্রান্ত কাজে কলেজ ক্যাম্পাসে আসতে হবে না।

Signature
26.10.26
অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
জাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর ..